



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ কমিশনারের কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৭/১২/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এ কর্মরত পুলিশ সদস্যদের সন্তাদের কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য “মেধাবৃত্তি-২০২০”
প্রদান অনুষ্ঠান



আদ্য ০৭/১২/২০ খ্রিঃ সকাল ১০.৩০ ঘটিকায় রংপুর মেট্রোপলিটন পুলিশ লাইন্স মিলনায়তন কক্ষে রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এ কর্মরত পুলিশ সদস্যদের সন্তাদের কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য “মেধাবৃত্তি-২০২০” প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর সম্মানিত পুলিশ কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম। এছাড়াও সকল উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনারসহ অন্যান্য অফিসারবৃন্দ এবং কৃতি শিক্ষার্থীদের অবিভাবকগণ।

আরপিএমপি রংপুরের পুলিশ সদস্যদের সন্তানদের মধ্যে যারা ২০১৯ সালের পিএসসি ও জেএসসি পরীক্ষা এবং ২০২০ সালের এসএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল (জিপিএ-৫) অর্জন করেছে তাদের মধ্যে মেধাবৃত্তি প্রদান করা হয়।

এর মধ্যে পিএসসি পরীক্ষায় ১৪ জন, জেএসসি পরীক্ষায় ০২ জন এবং এসএসসি পরীক্ষায় ০৮ জনসহ মোট ২৪ জনকে মেডেল, বই ও সম্মানিত অর্থ পুরস্কার দেয়া হয়। এই পুরস্কার অর্জন তাদেরকে ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনে উৎসাহিত করবে বলে আশা ব্যক্ত করা হয়।

সর্বশেষে কৃতি শিক্ষার্থীদের উদ্দেশ্যে রংপুর মেট্রোপলিটন পুলিশ এর মাননীয় কমিশনার জনাব মোহাঃ আব্দুল আলীম মাহমুদ বিপিএম বলেন, “স্বপ্নের বাংলাদেশ গড়তে সু-শিক্ষার কোনো বিকল্প নেই। দুর্নীতি, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত দেশ গঠনে শিক্ষার্থীদের এগিয়ে আসার আহবান জানান এবং তাদের উত্তরোত্তর সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন।”

০৭.১২.২০২০

(মোঃ সামিউল আলম)

পুলিশ পরিদর্শক (ডিবি)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১